গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ
www.dss.bhaluka.mymensingh.gov.bd

স্মারক নম্বরঃ ৪১.০১.৬১১৩.০০০.১৬.০২৯.২৩.

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ / ১৩ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি/নোটিশ**

**বিষয়: ২০২৩-২০২৪ অর্থ বছরে বর্ধিত কোটায় সামাজিক নিরাপত্তা কর্মসুচীর আওতায় বয়স্ক ভাতা/বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত ভাতাপ্রাপ্তির জন্য অনলাইন ব্যবস্থাপনায় ভাতার আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।**

সূত্র: ৪১.০১.০০০০.০০০.২৭.০০৪.২২.৬৪০; তারিখ: ১০ আগস্ট ২০২৩ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলা বাসীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কর্মসুচীর আওতায় বয়স্ক ভাতা/বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা প্রাপ্তির জন্য অনলাইন ব্যবস্থাপনায় ভাতার আবেদন গ্রহণ শুরু হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কর্মসুচীতে ১ লক্ষ জন উপকারভোগীর সংখ্যা বৃদ্ধি করে ৫৭.০১ লক্ষ থেকে ৫৮.০১ লক্ষ জনে ও জনপ্রতি মাসিক ভাতার হার ৫০০ টাকা থেকে ৬০০ টাকা; বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচিতে ১ লক্ষ জন উপকারভোগীর সংখ্যা বৃদ্ধি করে ২৪.৭৫ লক্ষ জন থেকে ২৫.৭৫ লক্ষ জনে ও জনপ্রতি মাসিক ভাতার হার ৫০০ টাকা থেকে ৫৫০ টাকা এবং প্রতিবন্ধী ভাতা কর্মসূচিতে ৫.৩৫ লক্ষ জন উপকারভোগীর সংখ্যা বৃদ্ধি করে ২৩.৬৫ লক্ষ জন থেকে ২৯.০০ লক্ষ জনে উন্নীত করা হয়েছে ও জন প্রতি মাসিক ভাতার ৮৫০ টাকা অপরিবর্তিত রাখা হয়েছে। বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা পাওয়ার উপযুক্ত ব্যক্তির নিকট হতে সমাজসেবা অধিপ্তরের web based Management Information Systems (MIS) এর মাধ্যমে শুধুমাত্র অনলাইনে আবেদন গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ভাতা প্রাপ্তির জন্য সম্মানিত ভাতাপ্রত্যাশী ব্যক্তিগণ mis.bhata.gov.bd/ online Application এই লিংকে প্রবেশ করে ভাতা প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন।

**অনলাইন ব্যবস্থাপনায় আবেদন গ্রহণ ও বরাদ্দ প্রদানের শর্তসমূহঃ**

**বয়স্ক ভাতা**

১. জাতীয় পরিচয়পত্র (বয়স: পুরুষ-৬৫, মহিলা-৬২ বা তদুর্ধ);
২. বার্ষিক গড় আয় অনধিক ১০,০০০/- টাকা হতে হবে;
৩. নগদ হিসাব খোলা আছে এমন মোবাইল নাম্বার (ইতি পূর্বে কোন ভাতার জন্য ব্যবহৃত হয়নি এমন কিংবা নতুন নাম্বার, মোবাইল নাম্বারটি অবশ্যই ভাতাপ্রত্যাশী ব্যক্তির হতে হবে এবং আবেদনে প্রদত্ত মোবাইল নাম্বার অপরিবর্তনীয়);
৪. বয়স্ক ভাতা পাবার জন্য পুরুষের জন্ম জুন ১৯৫৮ এবং মহিলার জন্ম জুন ১৯৬১ এর পূর্বে হতে হবে।

**বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা**

১. জাতীয় পরিচয়পত্র;
২. স্বামীর মৃত্যু সনদ/ইউনিয়ন পরিষদ হতে প্রদত্ত বৈধব্য সনদ বা স্বামী নিগৃহীতা সনদ;
৩. বার্ষিক গড় আয় অনধিক ১০,০০০/- টাকা হতে হবে
৪. নগদ হিসাব খোলা আছে এমন মোবাইল নাম্বার (ইতি পূর্বে কোন ভাতার জন্য ব্যবহৃত হয়নি এমন কিংবা নতুন নাম্বার, মোবাইল নাম্বারটি অবশ্যই ভাতাপ্রত্যাশী ব্যক্তির হতে হবে এবং আবেদনে প্রদত্ত মোবাইল নাম্বার অপরিবর্তনীয়);
৫. বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার অনলাইন আবেদন করার পর তা প্রিন্ট করে স্বামীর মৃত্যু সনদ/ইউনিয়ন পরিষদ হতে প্রদত্ত বৈধব্য সনদ বা স্বামী নিগৃহীতা সনদ সহ সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক এর নিকট জমা দিতে হবে।

**প্রতিবন্ধী ভাতা**

১. জাতীয় পরিচয়পত্র (১৮ বা তদুর্ধ);
২. জন্মনিবন্ধন সনদ (অনূর্ধ্ব ১৮);
৩. উপজেলা সমাজসেবা কার্যালয় হতে প্রদত্ত সুবর্ণ নাগরিক পরিচয়পত্র;
৪. নগদ হিসাব খোলা আছে এমন মোবাইল নাম্বার (ইতি পূর্বে কোন ভাতার জন্য ব্যবহৃত হয়নি এমন কিংবা নতুন নাম্বার, মোবাইল নাম্বারটি অবশ্যই ভাতাপ্রত্যাশী ব্যক্তির হতে হবে এবং আবেদনে প্রদত্ত মোবাইল নাম্বার অপরিবর্তনীয়)

**চলমান পাতা-০২**

উল্লেখ্য যে,

- ভাতা প্রত্যাশী ব্যক্তিগণ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ইউনিয়ন ডিজিটাল সেন্টার, সাইবার ক্যাফে, যেকোন কম্পিটার এর দোকান এমনকি স্মার্টফোন হতেও mis.bhata.gov.bd / online Application এই লিংকে প্রবেশ করে ভাতার জন্য আবেদন করতে পারবে।
- যারা ইতোমধ্যে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্ক ভাতা/বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা ভাতা পাচ্ছেন তাদের এবং যারা পূর্বে প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনে আবেদন করেছিলেন কিন্তু ভাতার আওতাভুক্ত হননি তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।
- সমাজসেবা অধিদপ্তর হতে প্রদত্ত বরাদ্দ অনুযায়ী অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ বাস্তবায়ন নীতিমালার আলোকে সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদিত তালিকার উপকারভোগীদের প্রয়োজনীয় তথ্য MIS এ সন্নিবেশন এবং এন্টিকৃত ডাটার ভেলিডেশন করতে হবে।
- আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা পেয়ে থাকলে তিনি এই সুবিধার জন্য বিবেচিত হবেন না। অন্য সুবিধা গ্রহণ করছে মর্মে প্রমাণিত হলেআবেদন বাতিল করা হবে।
- অনলাইনে প্রাপ্ত আবেদন, পূর্বের অনলাইনে আবেদন (অপেক্ষমান তালিকাসহ) তালিকার ভিত্তিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৩ খ্রি: তারিখ হতে ভাতা প্রাপ্য হবেন। সকল ভাতার ক্ষেত্রে বিদ্রমান নীতিমালা অনুযায়ী (অপেক্ষমান তালিকা প্রস্তুতসহ) কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

আরো উল্লেখ্য যে, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন আগামী ১০ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. পর্যন্ত করা যাবে। ইউনিয়ন পরিষদের সম্মানিত মেয়র/চেয়ারম্যান, ওয়ার্ড কাউন্সিলর/সদস্য, সংরক্ষিত ওয়ার্ড সদস্য, উদ্যোক্তাগণ এবং ভালুকা উপজেলার সকল সম্মানিত সাংবাদিকবৃন্দকে জনস্বার্থে বিষয়টি ব্যাপকভাবে প্রচার এবং অনলাইন আবেদন করার ক্ষেত্রে ভাতাপ্রত্যাশীদের সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**জনস্বার্থে এ বিজ্ঞপ্তি/নোটিশটি জারী করা হলো।**


**অসীম সরকার**
উপজেলা সমাজসেবা অফিসার
ভালুকা, ময়মনসিংহ
ফোন: ০২৯৯৬৬-৭২৬৮৬
মোবাইল : ০১৭০৮-৪১৫০০০ (দাপ্তরিক)
ইমেইল : usso.bhaluka@dss.gov.bd


স্মারক নম্বরঃ ৪১.০১.৬১১৩.০০০.১৬.০২৯.২৩.

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ / ১৩ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৬, ময়মনসিংহ-১১, ভালুকা;
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন-৩২৬, ময়মনসিংহ-২৬;
৩. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা;
৪. পরিচালক, সামাজিক নিরাপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদফতর, ঢাকা;
৫. পরিচালক, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
৬. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
৭. উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ;
৯. উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ;
১০. সহকারী পরিচালক, প্রশাসন, অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
১১. সহকারী পরিচালক, কার্যক্রম ও সামাজিক নিরাপত্তা শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
১২. মেয়র, ভালুকা পৌরসভা, ভালুকা, ময়মনসিংহ;
১৩. চেয়ারম্যান,......................................................, ইউনিয়ন পরিষদ, ভালুকা, ময়মনসিংহ এবং
১৪. নোটিশ বোর্ড (অত্র কার্যালয়)/ সংশ্লিষ্ট নথি ।